

Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

Ref. No. 11.7.23

নির্ঘাতিতা স্ত্রীর পাশে মহিলা কমিশন

Date : 11.7.23

সংবাদ প্রতিনিধি

কৈলাসহর, ১০ জুলাই : গর্ভবতী রেহেনা বেগমকে ন্যায় বিচার পাইয়ে দেবার আশ্বাস দিয়ে গেলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী। রবিবার কৈলাসহরে এসে রেহেনা বেগমের বাড়িতে গিয়ে খোঁজখবর নেন বর্ণালী গোস্বামী। জানা গেছে, কৈলাসহর পুর পরিষদের ষোল নম্বর ওয়ার্ডের সোনামারা এলাকার রেহেনা বেগমের ২০১৮ সালে বিয়ে হয়েছিল কৈলাসহরের ইরানি থানার অন্তর্ভুক্ত সফরিকান্দি এলাকার বাসিন্দা আনোয়ার আলির সাথে।

বিয়ের পর থেকে আনোয়ার আলী সহ আনোয়ারের বাড়ির লোকজনরা যৌতুকের জন্য প্রায়ই মারধর এবং নির্ঘাতন করত রেহেনা বেগমকে। প্রায়ই রেহেনা বেগম নিজের বাপের বাড়িতে এসে টাকা নিয়ে আনোয়ার আলীকে দিত। সাম্প্রতিককালে ঈদ উপলক্ষে আনোয়ার আলি রেহেনা বেগমকে শ্বশুরবাড়িতে টাকা আনার জন্য পাঠিয়েছিল। ঈদের কয়েকদিন পর রেহেনা বেগমের মা রেহেনা বেগমকে নিয়ে তার স্বামী আনোয়ার আলির বাড়িতে যাবার পর আনোয়ার আলি রেহেনাকে টাকা দেবার জন্য বলে। এই কথা কানেই রেহেনার মা আনোয়ার আলীকে বলে যে, রেহেনা কী করতে বাপের বাড়ি থেকে টাকা আনবে। এই প্রশ্ন করতই আনোয়ার ও তার বাড়ির লোকজনরা রেহেনা বেগমকে এবং রেহেনার মাকে প্রচণ্ডভাবে মারধর করে। সাথে সাথে বিষয়টি রেহেনা তার বড় ভাইদের ফোন করে জানায়। বড় ভাইয়েরা এই ঘটনা শোনার পর ইরানি থানায় গিয়ে ইরানি থানার পুলিশকে সঙ্গে নিয়ে আনোয়ারের বাড়িতে গিয়ে রেহেনাকে উদ্ধার করে উনকোটি জেলা হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে

যায়। জেলা হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক রেহেনা বেগমের অবস্থা সঙ্কটজনক হওয়ায় হাসপাতালে ভর্তি করে দেন। প্রায় দশদিন হাসপাতালে থাকার পর রেহেনা বেগম স্বামী আনোয়ার আলির বাড়িতে না গিয়ে বাপের বাড়িতে চলে যায়। হাসপাতালে থাকাকালীন ইরানি থানায় আনোয়ার আলি সহ তার তিন ভাইয়ের বিরুদ্ধে মামলা করে রেহেনা বেগম। রেহেনা বেগমের তিন বছরের এক কন্যাসন্তান রয়েছে এবং বর্তমানে রেহেনা পাঁচ মাসের গর্ভবতী বলেও রেহেনা জানায়। এই খবরটি এই পত্রিকায় প্রকাশ হওয়ার পর রাজ্যের মহিলা কমিশন রেহেনা বেগমের পাশে দাঁড়ায় এবং মহিলা কমিশনের পক্ষ থেকে তদন্তও শুরু করা হয়। এরই পরিপ্রেক্ষিতে রবিবার রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী কৈলাসহর সোনামারা এলাকায় রেহেনার বাপের বাড়িতে আসেন।

রেহেনার সাথে দীর্ঘক্ষণ আলোচনা করার পর রেহেনাকে ন্যায় বিচার পাইয়ে দেওয়ার আশ্বাস দিয়ে যান বর্ণালী গোস্বামী।